গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর-১০৯

## আগামীকাল বিশ্ব মান দিবস

রাজশাহী; ২৮ আশ্বিন (১৩ অক্টোবর):

আগামীকাল (১৪ অক্টোবর) ৫৬তম বিশ্ব মান দিবস। বিশ্বের অন্যান্য দেশের ন্যায় বাংলাদেশেও যথাযোগ্য মর্যাদায় দিবসটি উদযাপিত হতে যাচ্ছে। দিবসটি উদযাপন উপলক্ষে রাজশাহী বিএসটিআই বিভাগীয় কার্যালয় বিভাগীয় কমিশনার কার্যালয়ের সম্মেলনকক্ষে সকাল সাড়ে দশটায় প্রতিপাদ্য বিষয়ে এক আলোচনা সভার আয়োজন করেছে। আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বিভাগীয় কমিশনার খোন্দকার আজিম আহমেদ।

এবারের বিশ্ব মান দিবসের প্রতিপাদ্য `SHARED VISION FOR A BETTER WORLD-STANDARDS FOR SDGs` বা 'সমন্বিত উদ্যোগে টেকসই উন্নত বিশ্ব বিনির্মাণে মান।'

উল্লেখ্য যে, জীবনের সর্বস্তরে মানসম্মতকরণের গুরুত্ব বিষয়ক সচেতনতা সৃষ্টি এবং এ বিষয়ে ধারণা বাড়াতে প্রতিবছর বিশ্ব মান দিবস উদযাপিত হয়ে থাকে।

---

আলীম/তৌহিদ/আতিক/স্মিতা/২০২৫/১১:০০ঘ.

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০২৫৮৮৮৫১৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd